

জাতীয়

বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: রোববার, ০৪ অক্টোবর ২০২৬, ০১:১৬ PM



হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শরীর থেকে ৪ দশমিক ৫ কেজি এবং দুই বিমানকর্মীর জুতার ভেতর থেকে ৯ দশমিক ৩৪ কেজি স্বর্ণ উদ্ধার করা হয়।

উদ্ধার করা স্বর্ণের বাজারমূল্য প্রায় সাড়ে ২৪ কোটি টাকা। রোববার বিমানবন্দরে ঢাকা কাস্টমস এবং কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর পৃথক অভিযান চালিয়ে এসব স্বর্ণ উদ্ধার করে। এনবিআরের জনসংযোগ দপ্তর এ তথ্য জানিয়েছে।

কাস্টমস গোয়েন্দা সূত্র জানায়, দুবাই থেকে ঢাকায় আসা এমিরেটস এয়ারলাইন্সের ইকে ০৫৮২ ফ্লাইটের দুই বিমানকর্মীর গতিবিধি রানওয়েতে সন্দেহজনক মনে হয়। পরে তাঁদের তল্লাশি করা হয়।

তল্লাশির সময় তাঁদের জুতার ভেতর লুকানো ৮০টি স্বর্ণবার পাওয়া যায়। প্রতিটি বারের ওজন প্রায় ১১৭ গ্রাম। সব মিলিয়ে উদ্ধার করা স্বর্ণের ওজন ৯ দশমিক ৩৪ কেজি। এর বাজারমূল্য ১৬ কোটি ২৫ লাখ টাকার বেশি।

বিমানকর্মীদের জুতার ভেতরে স্বর্ণবার লুকিয়ে আনার বিষয়টি সামনে আসার পর ঘটনাটি খতিয়ে দেখছে কাস্টমস গোয়েন্দারা। বিমানকর্মীদের মাধ্যমে স্বর্ণ চোরাচালানের পেছনে কোনো সংঘবদ্ধ চক্র রয়েছে কি না, তা-ও তদন্ত করা হচ্ছে। চক্র থাকলে এর অন্য সদস্যদের শনাক্তের চেষ্টা চলছে।

অন্যদিকে শনিবার দিবাগত রাতে কুয়ালালামপুর থেকে ঢাকায় আসা মালয়েশিয়ান এয়ারলাইন্সের এমএইচ-০১৯৬ ফ্লাইটের এক যাত্রীর কাছ থেকে ৪ দশমিক ৫ কেজি স্বর্ণ উদ্ধার করে ঢাকা কাস্টমস হাউস।

আটক ওই যাত্রীর নাম মি. ইয়াং ডন সিউ। তিনি মালয়েশিয়ার নাগরিক।

কাস্টমস সূত্র জানায়, ফ্লাইটটি ঢাকায় অবতরণের পর থেকেই ওই যাত্রীর ওপর নজর রাখা হয়। পরে তিনি ব্যাগেজ নিয়ে গ্রিন চ্যানেল-১ অতিক্রম করার সময় তাঁকে আলাদা করে তল্লাশি করা হয়।

তল্লাশির সময় তাঁর শরীরে বিশেষ কায়দায় লুকিয়ে রাখা স্বর্ণবারের সন্ধান পাওয়া যায়। রাত আনুমানিক ১টা ৪৫ মিনিটে তাঁর শরীর থেকে নয়টি স্বর্ণবার উদ্ধার করা হয়। এসব স্বর্ণের বাজারমূল্য প্রায় ৮ কোটি টাকা হতে পারে বলে জানা গেছে।

স্বর্ণবারগুলো কালো কাপড়ের বেটে মোড়ানো ছিল। পরে সেগুলো শাটের নিচে শরীরের সঙ্গে লুকিয়ে রাখা অবস্থায় পাওয়া যায়।

কাস্টমস সূত্র আরও জানায়, ওই যাত্রী কোনো ব্যাগেজ ঘোষণা দেননি। স্বর্ণের বৈধতার পক্ষে প্রয়োজনীয় কোনো নথি বা দলিলও তিনি দেখাতে পারেননি।

দুই ঘটনায়ই ফৌজদারি মামলা দায়েরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বলে জানা গেছে।

এ বিভাগের আরও খবর



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকার...



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪

সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেকিটি ফাউন্ডেশনের মাস...



পবিত্র মদিনায় হুখিদের হামলা, তীব্র নিন্দা জানাল বাংলাদেশ

সৌদি আরবের পবিত্র মদিনাশহরে তাইবাহ বিদ্রোহকেন্দ্রে হুখিদের হামলায় তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার। রোববার (৪ অক্টোবর) এক বিবৃতিতে...



সরকারি সফরে অস্ট্রেলিয়া ও যুক্তরাষ্ট্রে গেলেন সেনাপ্রধান

সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ্জ্বল-জামান নয় দিনের সরকারি সফরে অস্ট্রেলিয়া ও যুক্তরাষ্ট্রের উদ্দেশে ঢাকা ছেড়েছেন। শনিবার তিনি ঢাকা ত্যাগ করে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/bimanbndre-ekdine-sare-13-keji-sbrn-uddhar>